দৈনিক
আমাদের সময়

তারিখ 19 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

# নর্থ সাউথ শিক্ষক গিয়াসউদ্দিন সাসপেন্ড

নিজস্ব প্রতিবেদক •
নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক গিয়াসউদ্দিন আহসানকে সাময়িক বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।



এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আতিকুল ইসলাম, গণমাধ্যমকে জানান, বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

গুলশানে হামলাকারীদের বাড়ি ভাড়া দেওয়া ও তথ্য গোপন রাখার অভিযোগে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের এই অধ্যাপকসহ চারজনকে গত শনিবার আটক করে পুলিশ। রোববার তাদের আদালতে হাজির করা হয়। শুনানি শেষে ৮ দিন রিমান্ড মঞ্জুর করেন আদালত।